## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট; (সদর দপ্তর-মৌলভীবাজার)।

এবং

বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা এর মধ্যে

স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

## ১লা জুলাই, ২০২৪-৩০শে জুন, ২০২৫।

# সূচিপত্র


আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিগত ০৩ বছরে বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট এ বন ও বন্যপ্রাণী সংরক্ষণ এবং ব্যবস্থাপনা, বনভূমির অবৈধ জবর দখল পুনরুদ্ধার, সামাজিক বনায়নে স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণ, মেয়াদ উত্তীর্ন বাগান কর্তন, জবরদখল প্রতিরোধ বন্যপ্রাণী উদ্ধার ও অবমুক্তকরণ, বন ও বন্যপ্রাণী অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিগণের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ, মানুষ ও বন্যপ্রানীর মধ্যে বিরোধ নিরসনকল্পে সচেতনতা বৃদ্ধি প্রভৃতি কার্যক্রমে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে। বন্যপ্রাণী ও বন্যপ্রাণী শিকারের সরঞ্জামাদি উদ্ধার সংক্রান্ত ৪৭৯ টি অভিযানে ৯৫৪ টি বন্যপ্রাণী উদ্ধার পূর্বক সুস্থ বন্যপ্রাণীগুলো প্রকৃতিতে অবমুক্ত করা হয়েছে (জুন/২০২৪খ্রি: পর্যন্ত)। অত্র বিভাগ মূলত: রক্ষিত এলাকা ব্যবস্থাপনার প্রতিশ্রুতি নিয়ে গঠিত হলেও জনগণের অংশগ্রহনের মাধ্যমে সামাজিক বন সৃজনে অত্র বিভাগের সফলতা বেশ প্রশংসনীয়। মোট ১৬ জন উপকারভোগীর মাঝে ৩০,৩৭,৮৪০/৭৬ ( ত্রিশ লক্ষ সাইত্রিশ হাজার আটশত চল্লিশ টাকা ছিয়াওর পয়সা) টাকা সামাজিক লভ্যাংশের চেক বিতরণ করা হয়েছে। বনাচ্ছাদন বৃদ্ধির লক্ষ্যে ২৬০ হেক্টর ব্লক বাগান সৃজন হয়েছে। লাউয়াছড়া ও সাতছড়ি জাতীয় উদ্যানের প্রাকৃতিক সম্পদের সংরক্ষণ ও সুষ্ঠ ব্যবস্থাপনার পাশা-পাশি ২,০৫,২১,৬৯৪/-(দুই কোটি পাঁচ লক্ষ একুশ হাজার ছয়শত চুরানব্বই) টাকা আগত পর্যটকদের প্রবেশমূল্য হিসাবে রাজস্ব আয় হয়েছে (জুন/২০২৪খ্রি: পর্যন্ত)।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

অন্যান্য রক্ষিত এলাকার ন্যায় অত্র বিভাগের অন্যতম প্রধান চ্যালেঞ্জ হলো বনভূমির যথাযথ সংরক্ষণ ও বনাঞ্চলে কৃষি ও ব্যক্তিগত আবাসন সৃষ্টির উদ্দেশ্যে জবরদখল প্রচেষ্টা প্রতিরোধ করা। গেজেটভুক্ত বনভূমির যথাযথ রেকর্ডভুক্তি ও রেকর্ড সংশোধন। গ্রামীণ বনজ সম্পদের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি করায় বনের নিকটবর্তী অঞ্চলে অবৈধ করাতকল স্থাপিত হচ্ছে; করাতকল বিধিমালার প্রয়োগ ও জনসচেতনতা বৃদ্ধি এবং বিভিন্ন আইন শৃঙ্খলা রক্ষাকারী প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে অবৈধ করাতকল নিয়ন্ত্রণ করা। জবরদখলকারীদের নিকট হতে বন ভুমি উদ্ধার এবং উদ্ধারকৃত বনভূমিতে বাগান সৃজন। খাসিয়া নৃ-গোষ্ঠীর পান চাষের কারণেও লাউয়াছড়া জাতীয় উদ্যানের বন ভূমি ও জীববৈচিত্রের ক্ষতি সাধন; অবৈধভাবে বন্যপ্রাণী শিকার, ক্রয়-বিক্রয় ও পাচার করা; বন্যপ্রাণী লোকালয়ে প্রবেশ করলেই মেরে ফেলার প্রবনতা এবং সচেনতার অভাবে মানুষ-বন্যপাণীর দ্বন্দের সূচনা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

স্থানীয় জনগণের সম্পৃক্তার মাধ্যমে সামাজিক বনায়ন কার্যক্রম, উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন এবং জবরদখলকৃত বনভূমি প্রতিরোধ করে বাগান সৃজন করা; পরিবেশ বান্ধব ইকোটুরিজমের মাধ্যমে জীববৈচিত্র্যপূর্ণ সংরক্ষিত এলাকা সমূহ নিয়ন্ত্রণ করা; বনভুমির যথাযথ রেকর্ডভুক্তকরন ও ব্যাক্তি/প্রতিষ্ঠানের নামে রেকর্ডভুক্ত বনভুমির রেকর্ড সংশোধনের উদ্দ্যোগ গ্রহন করা; লাউয়াছড়া জাতীয় উদ্যান এবং বর্ষিজোড়া ইকো-পার্কের জন্য প্রস্তাবিত এলাকায় উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করে বনের মাঝে ব্যক্তিমালীকানাধীন জোত ভূমি দখলে এনে বনায়নের উদ্যোগ গ্রহণ করা; মানুষ-বন্যপ্রাণী দ্বন্দ্ব কমিয়ে বন্যপ্রাণীর প্রতি জনগণের সহানুভূতি বাড়ানো; লাউয়াছড়া ও সাতছড়ি জাতীয় উদ্যানে বিদ্যমান বন্যপ্রাণীর সংখ্যা নিরুপন করে একটি হালনাগাদ বেজলাইন ডাটা তৈরী করা এবং বিদ্যমান ব্যবস্থাপনার বর্তমান মানের স্কোরকে আগামী দু-বছরের মধ্যে অন্তত ২০% উন্নীত করা।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সারাদেশে বনাচ্ছাদন সম্প্রসারণের জন্য ১০ হেক্টর ব্লক বাগান বাগান সৃজন
- সামাজিক বনায়নের মাধ্যমে দারিদ্র নিরসনে উপকারভোগীর মধ্যে ১০ লক্ষ টাকা লভ্যাংশ বিতরন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বিভাগীয় বন কর্মকর্তা, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, মৌলভীবাজার

এবং

বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা-এর মধ্যে ২০২৪ সালের ...জুন...... মাসের ...৩০...... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

আধুনিক প্রযুক্তি ও সৃজনশীলতার মাধ্যমে বন, পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ এবং আর্থ-সামাজিক উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

আধুনিক প্রযুক্তি, সৃজনশীলতা ও জনগণের অংশগ্রহণে টেকসই বন ব্যবস্থাপনার মাধ্যমে বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও বনের আচ্ছাদন (Forest Cover) বৃদ্ধি, প্রতিবেশগত সেবার (Ecosystem Services) মানোন্নয়ন ও দারিদ্র বিমোচন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. বন, বন্যপ্রাণী, বনজ সম্পদ সংরক্ষণ ও টেকসই বন ব্যবস্থাপনা

২. ইকোসিস্টেম ব্যবস্থাপনার উন্নয়ন ও জীববৈচিত্র সংরক্ষণ

৩. জনগণের অংশগ্রহণে বন সম্প্রসারণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র সংরক্ষণ, বনজসম্পদের টেকসই ব্যবস্থাপনা ও উন্নয়ন, বন সম্প্রসারণ,বন জরিপ ও সীমানা নির্ধারণ।

২. অংশীদারিত্ব ভিত্তিক বন ব্যবস্থাপনা নিশ্চিতকরণ। সরকারী বনভূমি এবং প্রান্তিক ভূমিতে বনায়ন কার্যক্রমের মাধ্যমে আনুভূমিক বৃক্ষাচ্ছাদন সম্প্রসারণ।

৩. সামাজিক বনায়ন/ সহযোগিতামূলক বন ব্যবস্থাপনার মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, দারিদ্র বিমোচন ও নারীর ক্ষমতায়ন।

৪. বনের অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন মজুদ বৃদ্ধি, বনজ সম্পদ উৎপাদন এবং বনজসম্পদের টেকসই ব্যবহার নিশ্চিত করণ।

৫. বনের প্রাকৃতিক পুনরুৎপাদনে (Assisted Natural Regeneration) সহায়তা, অবক্ষয়িত বনের পুনর্বাসন।

৬. সরকারী ও বেসরকারী পর্যায়ে বনায়নে সহায়তা ও উৎসাহ প্রদান। বৃক্ষরোপণ ও বনায়ন বিষয়ে কারিগরি পরামর্শ প্রদান, বন সংক্রান্ত বিষয়ে অভিযোগ প্রশমণ।

৭. রক্ষিত এলাকায় সহ-ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়ন এবং প্রকৃতি পর্যটন উন্নয়ন ও সম্প্রসারণ।

৮. বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র সম্পর্কিত আইন, বিধি ও নীতিমালা বাস্তবায়ন।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| বনাচ্ছাদন বৃদ্ধি | বনায়নকৃত সরকারী বনভূমি | হেক্টর | ৪০ | ১০ | ০০ | ২০ | ০০ | বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর-মৌলভীবাজার)। | বাগানের জার্নাল এবং বন বিভাগের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] বন, বন্যপ্রাণী, বনজ সম্পদ সংরক্ষণ ও টেকসই বন ব্যবস্থাপনা | ২৫ | [১.১] বনায়ন | [১.১.১] বনায়নকৃত এলাকা (ব্লক) | সমষ্টি | হেক্টর | ৭ | ২০ | ১০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ২০ | ০০ |
| | | [১.২] জবরদখলকৃত বন উদ্ধার | [১.২.১] উদ্ধারকৃত বনের পরিমান | সমষ্টি | হেক্টর | ৬ | ০৫ | ০২ | ০২ | ১.৮ | ১.৬ | ১.৪ | ১.২ | ০২ | ০২ |
| | | [১.৩] ইকোট্যুরিজম উন্নয়ন | [১.৩.১] ভ্রমনকারীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা লক্ষ | ৬ | ১.৫ | ১.৫ | ১.৫ | ১.৩৫ | ১.২ | ১.০৫ | ০.৯০ | ১.৫ | ১.৫ |
| | | [১.৪] লাইসেন্স প্রদানকৃত চিত্রা হরিনের শৌখিন লালন-পালন ক্ষেত্র ও খামার পরিদর্শন | [১.৪.১] পরিদর্শন এর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৬ | ০০ | ১২ | ১২ | ১০ | ০৮ | ০৭ | ০৬ | ১২ | ১২ |
| [২] ইকোসিস্টেম ব্যবস্থাপনার উন্নয়ন ও জীববৈচিত্র সংরক্ষণ | ২৫ | [২.১] রক্ষিত এলাকাসমূহের সিপিজি (কো-ম্যানেজমেন্ট পেট্রোলিং গ্রুপ) কর্তৃক পেট্রোলিং | [২.১.১] পেট্রোলিং এর পরিমাণ | সমষ্টি | সংখ্যা | ৭ | ৩০০ | ৩০০ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৩০০ | ৩০০ |
| | | [২.২] রক্ষিত এলাকাসমূহের সহব্যবস্থাপনা নির্বাহী কমিটির সভা | [২.২.১] সভার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৬ | ০৮ | ০৮ | ০৮ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ | ০৮ | ০৮ |
| | | [২.৩] রক্ষিত এলাকাসমূহের প্রচলিত আইন ও বিধি বিধান এবং বন্যপ্রাণী সম্পর্কে সচেনতামূলক সভা | [২.৩.১] অনুষ্ঠিত সভার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৬ | ০৫ | ০৫ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৫ | ০৫ |
| | | [২.৪] অবৈধ বিক্রয় ও পাচার এবং লোকালয়ে আসা বন্যপ্রাণী উদ্ধার | [২.৪.১] বন্যপ্রাণী উদ্ধারে সফল অভিযানের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৬ | ১২৭ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৩] জনগণের অংশগ্রহণে বন সম্প্রসারণ | ২০ | [৩.১] সামাজিক বনায়ন কার্যক্রম | [৩.১.১] পুনঃবনায়ণ (ব্লক) | সমষ্টি | হেক্টর | ৭ | ০০ | ১০ | ১০ | ০৯ | ০৮ | ০৭ | ০৬ | ০০ | ০০ |
| | | [৩.২] উপকারভোগীদের মধ্যে লভ্যাংশ বিতরণ | [৩.২.১] বিতরণকৃত লভ্যাংশের পরিমান | সমষ্টি | কোটি | ৬ | ০.১০ | ০.১০ | ০.১০ | ০.০৯ | ০.০৮ | ০.০৭ | ০.০৬ | ০০ | ০০ |
| | | [৩.৩] উপকারভোগীদের মধ্যে টেকসই বন সংরক্ষণের বিষয়ে সচেতনতা সৃষ্টি | [৩.৩.১] সচেতন উপকারভোগীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৭ | ৩০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

আমি, বিভাগীয় বন কর্মকর্তা, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, মৌলভীবাজার, বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা হিসাবে বিভাগীয় বন কর্মকর্তা, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, মৌলভীবাজার-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| বিভাগীয় বন কর্মকর্তা<br>বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, মৌলভীবাজার | ৩০/০৬/২০২৪<br>তারিখ |
| বন সংরক্ষক<br>বন সংরক্ষকের কার্যালয়, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা | ৩০ জুন ২০২৪<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বনায়ন | [১.১.১] বনায়নকৃত এলাকা (ব্লক) | বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর-মৌলভীবাজার) | সংশ্লিষ্ট বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/বাগানের জার্নাল |
| [১.২] জবরদখলকৃত বন উদ্ধার | [১.২.১] উদ্ধারকৃত বনের পরিমান | বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর-মৌলভীবাজার) | জবর দখল উচ্ছেদ সংক্রান্ত প্রতিবেদন/ আলোকচিত্র |
| [১.৩] ইকোট্যুরিজম উন্নয়ন | [১.৩.১] ভ্রমনকারীর সংখ্যা | বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর-মৌলভীবাজার) | রেজিষ্টার এবং সংশ্লিষ্ট মাসিক প্রতিবেদন |
| [১.৪] লাইসেন্স প্রদানকৃত চিত্রা হরিনের শৌখিন লালন-পালন ক্ষেত্র ও খামার পরিদর্শন | [১.৪.১] পরিদর্শন এর সংখ্যা | বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর-মৌলভীবাজার) | প্রতিবেদন/ ছবি। |
| [২.১] রক্ষিত এলাকাসমূহের সিপিজি (কো-ম্যানেজমেন্ট পেট্রোলিং গ্রুপ) কর্তৃক পেট্রোলিং | [২.১.১] পেট্রোলিং এর পরিমাণ | বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর-মৌলভীবাজার) | স্মার্ট প্রেট্রোলিং বিষয়ক বিস্তারিত প্রতিবেদন |
| [২.২] রক্ষিত এলাকাসমূহের সহব্যবস্থাপনা নির্বাহী কমিটির সভা | [২.২.১] সভার সংখ্যা | বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর-মৌলভীবাজার) ও সহ-ব্যবস্থাপনা নির্বাহী কমিটি। | সভার কার্যবিবরণী। |
| [২.৩] রক্ষিত এলাকাসমূহের প্রচলিত আইন ও বিধি বিধান এবং বন্যপ্রাণী সম্পর্কে সচেনতামূলক সভা | [২.৩.১] অনুষ্ঠিত সভার সংখ্যা | বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর-মৌলভীবাজার) | সভায়/ প্রশিক্ষণের অংশ গ্রহণকারীর তালিকা /সভার কার্যবিবরণী। |
| [২.৪] অবৈধ বিক্রয় ও পাচার এবং লোকালয়ে আসা বন্যপ্রাণী উদ্ধার | [২.৪.১] বন্যপ্রাণী উদ্ধারে সফল অভিযানের সংখ্যা | বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর-মৌলভীবাজার) | প্রতিবেদন /ছবি। |
| [৩.১] সামাজিক বনায়ন কাযক্রম | [৩.১.১] পুনঃবনায়ণ (ব্লক) | বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর-মৌলভীবাজার) | প্রতিবেদন /ছবি। |
| [৩.২] উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ | [৩.২.১] বিতরণকৃত লভ্যাংশের পরিমান | বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর-মৌলভীবাজার) | সংশ্লিষ্ট রেজিষ্টারে উল্লেখিত নামের তালিকা সম্বলিত প্রতিবেদন। |
| [৩.৩] উপকারভোগীদের মাঝে টেকসই বন সংরক্ষণের বিষয়ে সচেতনতা সৃষ্টি | [৩.৩.১] সচেতন উপকারভোগীর সংখ্যা | বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর-মৌলভীবাজার) | উপস্থিতির স্বাক্ষর/ আলোকচিত্র। |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| জবরদখলকৃত বন উদ্ধার | উদ্ধারকৃত বনের পরিমান | জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার | অবৈধ দখলদারদের বিরুদ্ধে উচ্ছেদ অভিযান পরিচালনা করার সময় জেলা প্রশাসনের সহায়তা গ্রহণ এবং বিচার বিভাগের সাথে যোগাযোগ পূর্বক বিচারাধীন মামলার দ্রুত নিষ্পত্তিকরণের ব্যবস্থা গ্রহণ। |
| ইকোট্যুরিজম উন্নয়ন | ভ্রমনকারীর সংখ্যা | আইন শৃঙ্খলা বাহিনী ও ট্যুর অপারেটর | আইন শৃঙ্খলা বাহিনী ও ট্যুর অপারেটরদের সাথে যোগাযোগ পূর্বক ভ্রমনকারীদের নিরাপত্তা প্রদান এবং ভ্রমনের জন্য উপযুক্ত সুবিধা প্রদানের ব্যবস্থা গ্রহণ। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ